

الْخَالِقِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা।

বিসমিল্লাহির রহমানির রহিম।

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ১২তম নাম ‘আল খালিক’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘আল খালিক’ শব্দের মূল হলো কাফ, লাম, জিম (خ ل ق) এই মূল শব্দ থেকে গঠিত বিভিন্ন শব্দ পবিত্র কোরআন মজিদে ২৬১ বার এসেছে। এর মধ্যে আল্লাহ নিজেই নিজেকে ‘আল খালিক’ বলেছেন ১১ বার। ‘আল খালিক’ শব্দের অর্থ: ‘সমস্ত কিছুর সৃষ্টিকর্তা’।

পবিত্র কুরআন মজিদে ইরশাদ হচ্ছে:

هُوَ اللَّهُ الْخَالِقُ ﴿٢٤﴾

সূরা আল হাশর ২৪ নং আয়াত -

তিনিই আল্লাহ, স্রষ্টা।

قُلِ اللَّهُ خَالِقُ كُلِّ شَيْءٍ وَهُوَ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿١٦﴾

সূরা আর রা’দ ১৬ নং আয়াত -

বলো: এক মহাপরাক্রমশালী আল্লাহই সব কিছুর স্রষ্টা।

أَمْ خُلِقُوا مِنْ غَيْرِ شَيْءٍ أَمْ هُمُ الْخَالِقُونَ ﴿٣٥﴾

أَمْ خَلَقُوا السَّمَاوَاتِ وَالْأَرْضَ بَلْ لَا يُوقِنُونَ ﴿٣٦﴾

সূরা আত’তুর আয়াত নং ৩৫, ৩৬ -

নাকি তারা স্রষ্টা ছাড়াই সৃষ্টি হয়েছে? আর নাকি তারা নিজেরাই স্রষ্টা? নাকি মহাকাশ এবং পৃথিবী তারা নিজেরাই সৃষ্টি করেছে? বরং তারা বিশ্বাসই রাখেনা।

তিরমিজী শরীফের হাদিস:

মানুষের অসন্তুষ্টি সত্ত্বেও যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টির কামনা ও চেষ্টা-সাধনা করবে, আল্লাহ তার প্রতি সন্তুষ্ট হবেন। এবং মানুষকে তার প্রতি সন্তুষ্ট করাবেন। যে আল্লাহকে বাদ দিয়ে মানুষের সন্তুষ্টি কামনা করবে, এবং সে জন্য চেষ্টা-সাধনা করবে, আল্লাহর তার প্রতি অসন্তুষ্ট হবেন এবং মানুষকে তার প্রতি অসন্তুষ্ট করাবেন।

আসুন, ‘আল খালিক’ আল্লাহর সন্তুষ্টির জন্য প্রাণান্তকর চেষ্টা সাধনা করি। আশা করা যায়, ‘আল খালিক’ আল্লাহ আমাদের ক্ষমা করবেন এবং আমাদের উপর করুণা বর্ষণ করবেন। আল্লাহর সাথে কাউকে শরিক করা বড়ই অপরাধ। আল্লাহ এই অপরাধ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদেরকে শিরক্বুক্ত রাখুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াব্বারাকাতুহ।